

# সমকাল

তারিখঃ ০৩/০৪/২০২১ (পৃঃ ১২)

## দেওয়া হলো 'আরটিভি কৃষিপদক ২০২১'

■ আনন্দ প্রতিদিন প্রতিবেদক  
কৃষিক্ষেত্রে সার্বিক উন্নয়নের লক্ষ্যে  
আরটিভি এ বছর ৮ ব্যক্তি ও দুটি  
প্রতিষ্ঠানকে 'আরটিভি কৃষিপদক  
২০২১' দিয়েছে।  
তেজগাঁওয়ে বেঙ্গল মাল্টিমিডিয়া  
স্টুডিওতে গত ১ এপ্রিল এ পদক  
তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে  
অন্যান্যের মধ্যে বক্তব্য দেন  
কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক,  
মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী  
অ্যাডভোকেট শ ম রেজাউল  
করিম, আরটিভির চেয়ারম্যান ও  
সংসদ সদস্য আলহাজ মোরশেদ  
আলম, ভাইস চেয়ারম্যান  
মোহাম্মদ জসিম উদ্দিন, প্রধান  
নির্বাহী কর্মকর্তা সৈয়দ আশিক  
রহমান প্রমুখ। সেরা কৃষি উদ্যোগ  
[প্রতিষ্ঠান]— সিসিডিবি, সেরা কৃষি  
উদ্ভাবনে [প্রতিষ্ঠান]— বাংলাদেশ  
ধান গবেষণা ইনস্টিটিউট ও সেরা  
কৃষক— তোয়ো ন্নো, সেরা  
কৃষিগি— লাকী শর্মা, সেরা  
খামারি— গরু, ছাগল, মহিষ খাতে  
সাবিনা ইয়াসমিন, সেরা খামারি  
হিসেবে পোলট্রি খাতে ইমরান  
হোসাইন, সেরা খামারি মৎস্য  
খাতে সোহেল বেপারী, সেরা  
উদ্যানচাষি— শেখ আব্দুল জলিল,  
সেরা কৃষি উদ্যোক্তা— সাইফুল্লাহ  
গাজীর হাতে তুলে দেওয়া হয়  
'আরটিভি কৃষিপদক ২০২১'। এ  
ছাড়া কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান  
রাখার জন্য অধ্যাপক ড. এম এ  
রহিমকে দেওয়া হয় আজীবন  
সম্মাননা। পদক প্রদান অনুষ্ঠান  
শেষে আসাদ খানের  
কোরিওগ্রাফিতে দলীয় নৃত্য  
পরিবেশন করেন চিত্রনায়িকা তমা  
মির্জা, নিসা, সোহেল রহমান  
প্রমুখ। সাজিদ হাসানের  
প্রযোজনায় অনুষ্ঠানটি উপস্থাপনা  
করেন আনিসুর রহমান মিলন ও  
শান্তা জাহান।